

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/২৪০

তারিখ : ২২.০১.২০২০


বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত জানুয়ারি-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জানুয়ারি-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক প্রস্থ।


২২/০১/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০।

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

জানুয়ারি-২০২০ (১ম পক্ষ)

● জনমত শিরোনাম

- মুসলিম উম্মাহর শান্তি-সমৃদ্ধি কামনার মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার প্রথম পর্ব সমাপ্ত হওয়ায় ধর্মপ্রাণ মুসল্লিদের সন্তোষ প্রকাশ
- আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ক্রেতা এবং দর্শনার্থীদের উপচে পড়া ভিড়। সার্বিক ব্যবস্থাপনায় ক্রেতা-বিক্রেতাদের সন্তোষ প্রকাশ
- দেশের উত্তরাঞ্চলে ছিন্নমূল শীতাত মানুষের স্বাস্থ্যসেবায় কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি
- নিত্যপণ্যের বাজার স্থিতিশীল থাকায় ভোক্তাদের স্বস্তি প্রকাশ
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের মধ্যদিয়ে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হওয়ায় সর্বমহলের সাধুবাদ

Shubh

২৫

চলমান পাতা - ২

☐ মুসলিম উম্মাহর শান্তি-সমৃদ্ধি কামনার মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার প্রথম পর্ব সমাপ্ত হওয়ায় ধর্মপ্রাণ মুসল্লিদের সন্তোষ প্রকাশ

• ঢাকার অদূরে টঙ্গীর তুরাগ তীরে বিশ্বের অন্যতম বৃহৎ মুসলিম সমাবেশ- বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় ধর্মপ্রাণ মুসল্লিরা সন্তোষ প্রকাশ করেছে। বিশ্বের অনেক দেশের মুসলিমসহ লাখ-লাখ মুসল্লি তিন দিনব্যাপী ইজতেমার আমলসমূহ সম্পাদন ও আখেরি মোনাজাতে অংশগ্রহণ করতে পারায় সন্তুষ্টি ব্যক্ত করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে।

☐ আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ক্রেতা এবং দর্শনার্থীদের উপচে পড়া ভিড়। সার্বিক ব্যবস্থাপনায় ক্রেতা-বিক্রেতাদের সন্তোষ প্রকাশ

• ক্রেতা- দর্শনার্থীদের পদচারণায় মুখরিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২০। মেলা প্রাঙ্গন ঘুরে ক্রেতার মান যাচাই করছেন এবং পছন্দ অনুযায়ী পণ্যসামগ্রী ক্রয় করছেন। মেলার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেছেন ক্রেতা-বিক্রেতাগণ।

☐ দেশের উত্তরাঞ্চলে ছিন্নমূল শীতাত মানুষের স্বাস্থ্যসেবায় কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি

• দেশের উত্তরাঞ্চলে সপ্তাহব্যাপী তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। বিশেষ করে, ছিন্নমূল ও নিম্ন আয়ের মানুষ দুর্ভোগে পড়ায় সরকারসহ বিভিন্ন সেবামূলক সংস্থাকে শীতাতদের সেবায় এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল।

• এছাড়া, দেশের উত্তরাঞ্চলে শীতজনিত বিভিন্ন রোগ ছড়িয়ে পড়েছে। বৃদ্ধ ও শিশুদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্থানীয় পর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেছে সাধারণ জনগণ।



☐ নিত্যপণ্যের বাজার স্থিতিশীল থাকায় ভোক্তাদের স্বস্তি প্রকাশ

• বাজারে ভোজ্যতেল ও চালের দাম কিছুটা কমে যাওয়ায় সব শ্রেণির ভোক্তারা সন্তোষ প্রকাশ করেছে বলে জনমতে প্রকাশ। তবে, বাজারে পিঁয়াজ, আদা, মাছসহ দেশি মুরগির দাম সাধারণ জনগণের জন্য সহজলভ্য করতে কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।

• এদিকে, অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রীর দাম স্থিতিশীল থাকায় জনসাধারণ স্বস্তি প্রকাশ করেছে। তবে, পাইকারি ও খুচরা বাজারে পণ্যের দামের তারতম্য যাতে বেশি না-হয় সেজন্য কঠোর বাজার তদারকির ওপর জোর দিয়েছে ভোক্তারা। পাশাপাশি, বাজারে শীতকালীন সবজির সরবরাহ বেশি থাকায় এসব পণ্যের দাম কমতে শুরু করেছে বলে জনমতে জানা গেছে।

☐ আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হওয়ায় সর্বমহলের সাধুবাদ

• সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। সম্প্রতি অনুষ্ঠিত প্রথম পর্বের বিশ্ব ইজতেমায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করায় সর্বমহল সাধুবাদ জানিয়েছে।

• এদিকে, বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্বকে সামনে রেখে বরাবরের মতো পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থাসহ সার্বিক প্রস্তুতি গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ নেবে বলে জনসাধারণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shukla
20/01/2020
শুকলা বনিক
ক্রয় ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
পণ্যযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

22/01/20